৫৩

ভোরের কাগজ

তারিখ 07 SEP 1998
পৃঃ 2 কলাম ৭

## বয়স্ক শিক্ষা সপ্তাহ

সারাদেশে প্রলয়ঙ্করী বন্যার কারণে ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ও বয়স্ক শিক্ষা সপ্তাহ '৯৮ উদযাপিত হবে না। গতকাল রোববার এক সরকারি ঘোষণায় বলা হয়, এ উপলক্ষে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান যেমন র‍্যালি, বয়স্ক শিক্ষা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠান, গণশিক্ষাবিষয়ক গণসঙ্গীত ও পথনাটক, সেমিনার, গণশিক্ষা মেলা, গণশিক্ষা সাংস্কৃতিক সন্ধ্যা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠান স্থগিত করা হয়েছে। তথ্য বিবরণী।